# প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার কার্যপরিধি

# (টিওআর)

## “বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা সুবিধাদি উন্নয়নকল্পে বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়”

পরিবীক্ষণ ও মূল্যায়ণ সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ**
**শিক্ষা ও সামাজিক সেক্টর**
**শের-ই-বাংলানগর, ঢাকা।**
www.imed.gov.bd

## প্রভাব মূল্যায়ন সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | : | "বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষা সুবিধাদি উন্নয়নকল্পে বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়"। | | |
| ২। | প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। | | |
| ৩। | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। | | |
| ৪। | প্রকল্পের অবস্থান | : | বিভাগ | জেলা | উপজেলা |
| | | | ১ | ২ | ৩ |
| | | | সমগ্র বাংলাদেশ<br>(ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ইসলামিক বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যায়ন (সিলেট), খুলনা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (গাজীপুর), হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (দিনাজপুর), মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (টাঙ্গাইল), পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পটুয়াখালী), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) | | |

| ৫। | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | : | **মূল** | **সংশোধিত** |
|---|---|---|---|---|
| | (ক) মোট | : | ২২৬৫০.০০ | ২০৭৩০.০০ |
| | (খ) জিওবি | : | ১২৬৫০.০০ | ১০৭৩০.০০ |
| | (গ) প্রকল্প সাহায্য | : | (জেডিসিএফ-১০০০০.০০) | (জেডিসিএফ-১০০০০.০০) |

| ৬। | বাস্তবায়ন মেয়াদ | : | **মূল** | **সংশোধিত** |
|---|---|---|---|---|
| | (ক) শুরুর তারিখ | : | জানুয়ারি, ২০০৯ | জুন, ২০১২ |
| | (খ) সমাপ্তির তারিখ | : | জানুয়ারি, ২০০৯ | জুন, ২০১৫ |

৭। **পটভূমি:**

পটভূমি: একটি দেশের উন্নয়নের প্রকৃতি ও ধরণ, উক্ত দেশের শিক্ষার ধরণ এবং গুনগত মানের উপর নির্ভর করে। বাংলাদেশ এর ব্যতিক্রম নয়। বাংলাদেশের উন্নয়নে উচ্চশিক্ষার ভূমিকা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। দেশে বর্তমনে ৮০টি বিশ্ববিদ্যালয় বিদ্যমান রয়েছে। (২৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়+৫৩টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়)। প্রায় ১০ লক্ষ ছাত্র-ছাত্রী এসব বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ণ করে। পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ সরকার প্রদত্ত অর্থে পরিচালিত হয়। বাংলাদেশ সরকার বিশ্ববিদ্যালয়সমূহকে যে অর্থ প্রদান করে তা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন চাহিদা পূরণে পর্যাপ্ত নয়। এর ফলে বিশ্ববিদ্যালয়সমূহের ল্যাবরেটরী যন্ত্রপাতি/সফটওয়ার এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয় করা সম্ভব হয় না। বৈজ্ঞানিক এবং ল্যাবরেটরী যন্ত্রপাতির চাহিদা পূরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ২২৬৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৯ থেকে জুন, ২০১৫ মেয়াদে আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

৮। **প্রকল্পের মৌলিক অঙ্গাসমূহ:**

- ১৮ পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়;
- কর্মকর্তাগণের বেতন ভাতাদি;
- কর্মচাদিগণের বেতন ভাতাদি;
- পিআইইউ অফিসের ভাড়া;
- পিআইইউ অফিসের স্টেশনারী;
- পিআইইউ অফিসের কনটিনজেন্সি;
- পিআইইউ অফিসের ইকুইপমেন্ট;
- পিআইইউ অফিসের আসবাবপত্র;
- সিডি ভ্যাট।

৯। **প্রকল্পের উদ্দেশ্য:**

- ছাত্রদের অভিজ্ঞতা এবং দক্ষতাকে প্রগাঢ় করার লক্ষ্যে তাদেরকে সহায়তা প্রদান করা, যাতে তারা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে;
- আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতির বিষয়ে সমসাময়িক জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের দক্ষতা বৃদ্ধি করা;
- উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা এবং অধ্যয়নে সহযোগিতা করা।

১০। **বর্তমান কাজের উদ্দেশ্যসমূহ:**

(১) প্রকল্পের বিবরণ (পটভূমি ,উদ্দেশ্য ,অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;

(২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ ,সন্নিবেশন ,বিশ্লেষণ ,সারণী /লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

(৩) প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output , outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৪) প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ ,পিপিআর ,উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/~~হচ্ছে~~ কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ ;

(৬) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান ,পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

(৭) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;

(৮) প্রকল্প পরিচালকের প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত দক্ষতা, অভিজ্ঞতা, প্রকল্প ব্যবস্থাপনা এবং ক্রয় সংক্রান্ত প্রশিক্ষণ, সভা আয়োজন, সিদ্ধান্ত বাস্তবায়ন এবং প্রকল্প পরিচালক হিসাবে মেয়াদ ইত্যাদি তথ্যসমূহ মূল্যায়ন ও বিশ্লেষণ করা;

(৯) প্রকল্প অনুমোদন, সংশোধন (যদি থাকে), অর্থায়ন, অর্থ ছাড় এবং বিল পরিশোধ ইত্যাদি বিষয়ক তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করা;

(১০) প্রকল্পের আওতাধীন নির্বাচিত বিশ্ববিদ্যালয়সমূহে নিয়োজিত শিক্ষকদের প্রকল্পের আওতায় প্রশিক্ষণ প্রদান/গবেষণা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত তথ্যাদি যাচাই করা;

(১১) প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পন্ন হয়েছে কি না, হলে উক্ত প্রকল্পে অডিট আপত্তি আছে কি না, থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি বিষয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করা;

(১২) অনুমোদিত DPP/RDPP এর লক্ষ্যের সাথে গুণগত ও পরিমাণগত প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত তথ্যাদির তুলনামূলক বিশ্লেষণ করা;

(১৩) প্রশিক্ষণার্থী/গবেষণার জন্য প্রার্থী নির্বাচনে বিবেচিত নির্ণায়ক এবং ব্যবহারকারি পর্যায়ে ঘাটতি ইত্যাদি বিষয় পর্যালোচনা করা;

(১৪) প্রকল্পের আওতায় ক্রয়কৃত অফিস যন্ত্রপাতি/কম্পিউটার যন্ত্রপাতি/বৈজ্ঞানিক ও ল্যাবরেটরী যন্ত্রপাতি/আসবাবপত্র/বই এবং সহায়ক দ্রব্যাদি বিতরণ প্রক্রিয়া এবং রক্ষণাবেক্ষণ সম্পর্কিত তথ্য যাচাই করা;

(১৫) প্রকল্পের আওতায় সরবরাহকৃত যন্ত্রপাতির গুণগত মান যাচাই এবং চাহিদার প্রেক্ষিতে সরবরাহ যন্ত্রপাতির যথাযথ ব্যবহার সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করা;

(১৬) প্রকল্পের আওতাধীন ক্রয়কৃত বৈজ্ঞানিক যন্ত্রপাতির টেকসই (Sustainability) উন্নয়ন সম্পর্কিত সুপারিশ প্রদান করা;

(১৭) প্রকল্পের সুবিধাভোগী/স্টেকহোল্ডারগণের উপর জরিপের মাধ্যমে প্রাপ্ত মতামতের বিশ্লেষণ করা;

(১৮) প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT ANALYSIS;

(১৯) সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

(২০) সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন; এবং

(২১) চুক্তিকালীন সময়ে কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদন।

১১। মূল্যায়ন কাজের জন্য পেশাগত যোগ্যতা:

| **ক্রঃনং** | **পদের ধরণ** | **শিক্ষাগত যোগ্যতা** | **অভিজ্ঞতা** |
|---|---|---|---|
| ১. | পরামর্শক প্রতিষ্ঠান | - | সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা। |
| ২. | পরামর্শক প্রতিষ্ঠানের প্রফেশনাল | | |
| (১) | দলনেতা | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকনিক্যাল/ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ডিগ্রি। সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে। | • সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা।<br>• কমপক্ষে ১ (এক) টি মনিটরিং ও মূল্যায়ন কাজের অভিজ্ঞতা। |
| (২) | ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ডিগ্রি। | • সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>• মনিটরিং ও মূল্যায়ন কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা। |
| (৩) | সমাজবিজ্ঞানী | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান/সমাজ কর্ম বিষয়ে মাস্টার ডিগ্রি। | • সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।<br>• মনিটরিং ও মূল্যায়ন কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা। |
| (৪) | পরিসংখ্যানবিদ | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান এ বিএসসি ডিগ্রি। | সমীক্ষা/গবেষণা কার্যক্রম পরিচালনা, তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম এবং বিশ্লেষণে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। |

১২। **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ**

| ক্রমিক | প্রতিবেদনের নাম ও সংখ্যা | দাখিলের সময় |
|---|---|---|
| ১. | ইনসেপশন প্রতিবেদন<br>(টেকনিক্যাল ১২ + স্টিয়ারিং ১২) কপি | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২. | ১ম খসড়া প্রতিবেদন<br>(টেকনিক্যাল ১২ + স্টিয়ারিং ১২) কপি | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে |
| ৩. | ২য় খসড়া প্রতিবেদন<br>(ডেসিমিনেশন কর্মশালা ৮০ কপি) | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে |
| ৪. | ২ম খসড়া প্রতিবেদন<br>(টেকনিক্যাল ১২ ) কপি | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে |
| ৫. | চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে)<br>(বাংলা ৪০+ ইংরেজী ২০)কপি | চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে |

- **সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক সেক্টর), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Unicode Based Font হতে হবে। মুদ্রণ ব্যয় পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নির্বাহ করতে হবে।**

১৩। **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পিসিআর/মূল্যায়ন প্রতিবেদন); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।